# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর

সূত্র - জাতী:বি:/রেজি:/অ্যাকা:/১৬(২৬০)/৯৫(অংশ-২)/ ২০৫৭ তারিখ: ১৭ নভেম্বর, ২০১৩

### ২০১৪ শিক্ষাবর্ষ (জানুয়ারি -ডিসেম্বর) বিপিএড কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে বিপিএড কোর্সে ভর্তি সংক্রান্ত তথ্য ও কর্মসূচি নিম্নে প্রদত্ত হলো:

১। **ভর্তি ও রেজিস্ট্রেশনের আবেদন করার সময়সীমা :**

ক) বিলম্ব ফি ছাড়া ভর্তির শেষ তারিখ ---------- ০৮/১২/২০১৩
বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফ্‌ট করার শেষ তারিখ ---------- ০৯/১২/২০১৩
ব্যাংক ড্রাফ্‌ট (বিলম্ব ফি ছাড়া) ও প্রয়োজনীয় কাগজপত্র
সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার শেষ তারিখ ---------- ১০/১২/২০১৩

খ) বিলম্ব ফি সহ ভর্তির শেষ তারিখ ---------- ২৯/১২/২০১৩
বিলম্ব ফি সহ ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ---------- ৩০/১২/২০১৩
ব্যাংক ড্রাফ্‌ট (বিলম্ব ফি ছাড়া), ও প্রয়োজনীয় কাগজপত্র

গ) সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার শেষ তারিখ ---------- ৩১/১২/২০১৩
**নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট ও ভর্তি সংক্রান্ত কাগজপত্র গ্রহণ করা হবে না।**

ঘ) ক্লাস শুরুর তারিখ ---------- ০১/০১/২০১৪

**বি:দ্র: ভর্তির তারিখ বৃদ্ধির বা বিলম্বে ভর্তির কোন আবেদন গ্রহণযোগ্য নয়।**

২। **ভর্তির যোগ্যতা :**

ক) ভর্তিচ্ছু আবেদনকারীদের জাতীয় বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হতে তিন বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী/ চার বৎসর মেয়াদী অনার্স ডিগ্রী বা সমমানের ডিগ্রী থাকতে হবে। এস.এস.সি হতে স্নাতক পর্যন্ত ন্যূনপক্ষে যে কোন একটি পরীক্ষায় দ্বিতীয় শ্রেণী/ বিভাগ প্রাপ্ত হতে হবে।
খ) ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে বয়স অনুর্ধ ৩৫ বছর হতে হবে।
গ) কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে "ক" শিথিল যোগ্য এবং তাদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর হবে।
ঘ) মাদ্রাসা বোর্ডের অধীনে "ফাযিল ও "কামিল ডিগ্রীধারী শিক্ষার্থীগণ বিপিএড কোর্সে ভর্তি হতে পারবেন না ।

৩। **আবেদনের নিয়মাবলী :**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info হতে আবেদন ফরম আগামী ১৯/১১/২০১৩ থেকে ডাউনলোড করে ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ হাতে পূরণ করবে। পূরণকৃত আবেদনফরম, নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠানে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি হবে।

৪। **পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে :**

ক) এস.এস.সি হতে স্নাতক পর্যন্ত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
খ) অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
গ) কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে-
i) এম.পিও ভুক্তির সত্যায়িত ফটোকপি
ii) শিক্ষকতার অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি
iii) ম্যানেজিং কমিটি কর্তৃক ছুটি মঞ্জুরীর সত্যায়িত ফটোকপি
iv) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্য কোন ডিগ্রী প্রোগ্রামে আবেদনকারী ভর্তিকৃত নন সে মর্মে প্রতিষ্ঠান থেকে প্রত্যয়ন পত্রের (পূর্বের মাইগ্রেশন সনদ) সত্যায়িত ফটোকপি।
vi) রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় মূল প্রত্যয়ন পত্র প্রদর্শন করতে হবে।

বি:দ্র:যারা এম.পি ও ভুক্ত নন তাদের ক্ষেত্রে উপরোক্ত (ii) ও (iii) সহ প্রতিষ্ঠান থেকে মাসিক বেতন গ্রহণের প্রমাণাদির কপি।
**অসম্পূর্ণ আবেদন কোন প্রকার যোগাযোগ ছাড়াই সরাসরি বাতিল বলে গণ্য হবে ।**

৫। **ফি এর বিবরণ :**

ক) ভর্তি ফান্ড........................ ২০০/- (দুইশত) টাকা
খ) বিলম্ব ফি ছাড়া রেজিস্ট্রেশন ফি শিক্ষার্থী প্রতি .............. ১০০০/- (এক হাজার) টাকা
গ) বিলম্ব ফি সহ রেজিস্ট্রেশন ফি শিক্ষার্থী প্রতি ............... ২০০০/- (দুই হাজার) টাকা

৬। **কলেজ কর্তৃপক্ষের করণীয়:**

ক) শিক্ষার্থীদের পূরণকৃত ফরমের তথ্য নিয়ে কলেজকর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপাপ্ত ব্যক্তি জাতীয় বিশ্ববিদ্যালয় হতে user ID (কলেজ কোড) এবং password সংগ্রহ করে অনলাইনে www.nubd.info ফরম পূরণ করবে। অনলাইনে পূরণকৃত ছাত্র/ছাত্রীর ভর্তি বিবরণী অনলাইন থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত এক কপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দফতরে জমা দিবে। password কোন অবস্থাতেই শিক্ষার্থীদের অবগত করা যাবে না। নির্ধারিত তারিখের পর অনলাইনে ফরম পূরণ বা ফরম সংশোধনের সুযোগ থাকবে না।

খ) বিররণী ফরম www.nubd.info ওয়েবসাইটে পাওয়া যাবে।

৭। **ক) ভর্তি ফান্ড :** জাতীয় বিশ্ববিদ্যালয়ে বিপিএড কোর্সে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ভর্তির জন্য আবেদন করতে হবে। ছাত্র- ছাত্রী প্রতি আবেদনপত্রের বিপরীতে ২০০/- (দুইশত) টাকা হারে ফি নির্ধারণ করা হয়েছে। উক্ত ২০০/- (দুইশত) টাকার মধ্যে জন প্রতি ১০০/- (একশত) টাকা হারে সংশ্লিষ্ট কলেজ ভর্তি ব্যয় মিটানোর জন্য রাখবে এবং অবশিষ্ট জন প্রতি ১০০/- (একশত) টাকা হারে জাতীয় বিশ্ববিদ্যালয় " ভর্তি ফান্ড" শিরোনামে সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা বরাবর ব্যাংক ড্রাফট করতে হবে। "ভর্তি ফান্ডের" ডিডি/পে- অর্ডার বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার জন্য অধ্যক্ষ কর্তৃক ডীন মহোদয়ের স্বাক্ষর নিয়ে ব্যাংকে জমা দিতে হবে। জমার রশিদের একটি অংশ অ্যাকাডেমিক (বিপিএড) শাখায় জমা দিতে হবে।

গ) কোন অবস্থাতেই আসন সংখ্যার অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তি করা যাবে না। অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তি করলে তার রেজিস্ট্রেশন দেয়া হবে না।

ঘ) ছাত্র-ছাত্রীর রেজিস্ট্রেশন প্রাপ্তির ক্ষেত্রে শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ে প্রেরিত ভর্তি বিবরণীতে উল্লিখিত ছাত্র-ছাত্রীদের বিষয়টি বিবেচনা করা হবে। এ বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি কিংবা পরিবর্তনের আবেদন গ্রহণ করা হবে না।

ঙ) রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে পরীক্ষার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবে।

চ) ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষকে মূল সনদপত্রসমূহ প্রদর্শন করতে হবে এবং এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। শুধুমাত্র সর্বশেষ পরীক্ষার ক্ষেত্রে মূল নম্বরপত্র গ্রহণযোগ্য হবে।

ছ) ভর্তি সংক্রান্ত কাগজপত্র জমা দেয়ার সময় বিপিএড কলেজ কর্তৃপক্ষকে **২০১৪ (জানুয়ারী-ডিসেম্বর) শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়নের প্রমাণপত্র (কলেজ পরিদর্শন শাখা কর্তৃক ইস্যুকৃত পত্র) অবশ্যই সঙ্গে আনতে হবে।** অন্যথায় ভর্তি সংক্রান্ত কোন কাগজপত্র গ্রহণ করা হবে না।

জ) কলেজে জমাকৃত অনলাইনে আবেদনের প্রিন্ট কপি ও জমাকৃত ফি অনুসারে ভর্তি বিবরণী তৈরী করে এক সেট সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে।

ঝ) অনলাইনে প্রেরিত তথ্য বিবরণীর প্রিন্ট কপির ভুল সংশোধনীর জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ব্যাংক ড্রাফট রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বরাবর জমা দিতে হবে।

২৭।১১।১৩

(প্রফেসর ড. সায়েদা বানু)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

সূত্র - জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/১৬(২৬০)/৯৫(অংশ-২)/ তারিখঃ নভেম্বর, ২০১৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :**

১) সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২) পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৩) পরিচালক (জনসংযোগ ও প্রকাশন বিভাগ), জাতীয় বিশ্ববিদ্যালয়
৪) পরিচালক (কম্পিউটার ও আইসিটি ইউনিট), জাতীয় বিশ্ববিদ্যালয়
৫) উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর- এর দপ্তর, জাতীয় বিশ্ববিদালয়
৬) উপ- পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৭) উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রফেশনাল শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮) সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯) সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০) সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (অ্যাকাডেমিক) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১) সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২) অফিস কপি/ গার্ড ফাইল/সংশ্লিষ্ট নথি

উপ-রেজিস্ট্রার
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়